**আদালত সংবাদদাতা, কলকাতা :** বেআইনি নির্মাণ ভাঙতে এ বার স্পেশাল টাস্ক ফোর্স গঠন করল কলকাতা হাই কোর্ট। শুক্রবার প্রধানবিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যর ডিভিশন বেঞ্চ জানায়, যে সব বেআইনি নির্মাণ আদালত ভাঙতে আদেশ দিয়েছে বা কোনো নির্মাণ আংশিক ভাঙা হয়েছে পুলিশ টাস্ক ফোর্স তৈরি করে পুরসভার সাহায্য নিয়ে ওই নির্মাণগুলি ভাঙার কাজ শুরু করবে। আগামী ১৫ জুনের মধ্যে ওই সব নির্মাণ থেকে বাসিন্দাদের সরে যেতে হবে। তার পরই পুলিশ ও পুরসভা কাজ শুরু করবে। প্রধানবিচারপতির মন্তব্য, 'আরও একটা গার্ডেনরিচ হতে দেওয়া যায় না!' শহরে বেআইনি নির্মাণ সংক্রান্ত একটি মামলায় শুক্রবার হাই কোর্টে রিপোর্ট জমা দেয় পুরসভা। সেখানে তারা জানায়, শহরের অনেক জায়গায় বেআইনি নির্মাণ ভেঙে ফেলার কাজ শুরু হয়েছে। আপাতত ১০টি নির্মাণ শনাক্ত করা গেছে। সে সব নিয়ে পদক্ষেপও শুরু করা হয়েছে। শুক্রবার পুরসভা জানায়, হাই কোর্টের আদেশ মেনে কয়েকটি বাড়িতে বাসিন্দাদের খালি করার নোটিশ দেওয়া হয়েছে। ওই সব বাড়িতে বেআইনি ভাবে অনেকে দখল করে রয়েছেন। সে কারণে বাড়ি ভাঙতে কিছু সমস্যা দেখা গেছে। পুরসভার ওই অবস্থানের পরে প্রধানবিচারপতি জানান, এই সব কাজে একটি নির্দিষ্ট পদ্ধতি মেনে এগোতে হবে। পুলিশকে দিয়ে টাস্ক ফোর্স গঠন করা হবে। তারা পুরসভাকে সাহায্য করবে। আগামী ১৫ জুনের মধ্যে বাসিন্দাদের বাড়ি খালি করে দিতে হবে। এই আদেশ কেউ অমান্য করলে তাঁদের বিরুদ্ধে পুলিশ ফৌজদারি মামলা শুরু করবে।

# পার্থদের বিচার শুরু করতে কার অনুমতি প্রয়োজন : কোর্ট

**আদালত সংবাদদাতা, কলকাতা :** নিয়োগ দুর্নীতিতে ধৃতদের জামিন মামলায় নয়া মোড়। ধৃত সরকারি আধিকারিকদের মধ্যে অন্তত ২জনের নিয়োগকর্তা রাজ্যপাল। ফলে বিচার প্রক্রিয়া শুরু করার অনুমতি রাজ্যের মুখ্যসচিব কী ভাবে দেবেন? শুক্রবার আদালতে প্রশ্ন তুললেন সুবীরেশ ভট্টাচার্যর আইনজীবী। বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি গৌরাঙ্গ কান্তর ডিভিশন বেঞ্চ জানায়, ধৃতদের বিচার প্রক্রিয়া শুরু করার জন্য কার অনুমতি প্রয়োজন এ নিয়ে অতিরিক্ত সলিসিটর জেনারেলকে ব্যাখ্যা দিতে হবে। আগামী মঙ্গলবার এই মামলার পরবর্তী শুনানি। ওইদিন এএসজিকে শুনানিতে হাজির থাকতে হবে। নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, সুবীরেশ ভট্টাচার্য, কল্যাণময় গঙ্গোপাধ্যায় ও অশোককুমার সাহাকে গ্রেফতার করে সিবিআই। তাঁরা জামিন চেয়ে হাই কোর্টে আবেদন করেন। ওই মামলার শুনানিতে সিবিআই জানায়, ধৃতদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করা যায়নি। রাজ্যের মুখ্যসচিবের কাছে অনুমতি চাওয়া হলেও তিনি কোনো উত্তর দেননি। এর পরে আদালত মুখ্যসচিব বিপি গোপালিকার কাছে ৪ বার রিপোর্ট চেয়েছে। প্রতিবারই নিজের সিদ্ধান্ত জানিয়ে রিপোর্ট দেননি মুখ্যসচিব। শুক্রবার এই মামলার শুনানিতে সুবীরেশের আইনজীবী সওয়াল, সুবীরেশ এসএসসির চেয়ারম্যান ছিলেন। আর মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ছিলেন কল্যাণ। তাঁদেরকে নিয়োগ করেছেন রাজ্যপাল। ফলে তাঁদের বিচার প্রক্রিয়া শুরু করার ক্ষেত্রে রাজ্যপালের অনুমতি দেওয়ার কথা। মুখ্যসচিব কেন দেবেন? সিবিআইয়ের আইনজীবীর বক্তব্য, ওই ২ ব্যক্তি দফতরের কাজ নিয়ে মুখ্যসচিবকে রিপোর্ট করতেন। সে ক্ষেত্রে মুখ্যসচিবের অনুমতি চাওয়া হয়েছে। যদিও সিবিআইয়ের ওই বক্তব্যে সন্তুষ্ট হয়নি আদালত। বিচারপতি বাগচী জানান, দেশের অন্যতম তদন্তকারী সংস্থা সিবিআই এটা জানে না যে কার অনুমতি চাইতে হবে? তাদের এই ধরনের ভূমিকা গ্রহণযোগ্য নয়। তাঁর মন্তব্য, 'সুবীরেশের আইনজীবীর যুক্তি সঠিক হলে আমরা শুধু শুধুই মুখ্যসচিবকে উদ্দেশ্য করে কড়া মন্তব্য করছিলাম। সঠিক ব্যক্তির কাছে অনুমতি না চাইলে তিনি কী ভাবে অনুমতি দেবেন?' আদালত জানায়, জামিন নিয়ে পরে বিবেচনা করা হবে। ধৃতদের বিচার প্রক্রিয়ার জন্য কার অনুমতি প্রয়োজন তা আগে স্পষ্ট হওয়া দরকার।

## ১৫ পেরোবে না তৃণমূল

১ পাতার পর

নেতাদের বলেছি তাদের আইনি সহায়তা দেবে। তারা সমস্ত প্রমাণ, কাগজ নিয়ে দেখা করুক। তাদের জন্য আইনি লড়াইয়ের সবরকমের সহযোগিতা করবে বিজেপি। তাদের সুবিচার দিতে পুরো শক্তি নিয়োগ করবে বিজেপি। যে অন্যায় করেছে সে ভুগবে। তৃণমূল সব জায়গায় লুঠপাট চালাচ্ছে। এদিন বর্ধমানের ঝিঙুটির কাছে সাই কমপ্লেক্সের মাঠে বিজয় সংকল্প সভায় বক্তব্য রাখতে গিয়ে এভাবেই রাজ্যের তৃণমূল সরকারকে বিঁধলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে এদিন তিনি আক্রমণ শানিয়েছেন ইণ্ডিয়া জোটের বিরুদ্ধেও। মোদী বলেন, টিএমসি, কংগ্রেস বলছে, মোদীকে লাঠি মার দো, গোলি মার দো। কিন্তু মোদী দাঙ্গাবাজদের সঙ্গে নেই। গরিবের জেদ অটুট। আমারও অটুট। যতই আমার বিরোধিতা করো, আমি হারছি না। ত্রিপুরায় ৫ বছরে সেখানকার মানুষের জীবনযাত্রা বদলে দিয়েছে বিজেপি। তিনি বলেন, এরা একটাই পারে ভোটের জন্য সমাজকে ভাগ করা, দেশকে ভাগ করা। মোদী এদিন বলেন, বাংলায় তৃণমূলের এক বিধায়কের বক্তব্য তিনি টিভিতে শুনেছেন। ওই বিধায়ক বলেছেন, হিন্দুদের হটিয়ে দেব ২ ঘণ্টার মধ্যে। এ কোন ভাষা? বাংলায় হিন্দুরা কী অবস্থায় রয়েছেন? কী হচ্ছে বাংলায় হিন্দুদের সঙ্গে? হিন্দুদের দ্বিতীয় শ্রেণির নাগরিক করে রাখা হয়েছে। সন্দেশখালিতে মহিলাদের ওপর অত্যাচার হয়েছে। শাহজাহান শেখকে আড়াল করছে। সন্দেশখালিতে অপরাধীদের রাজ্যের সরকার বাঁচাতে চাইছে। পুষ্টিকরণের রাজনীতি হচ্ছে। তিনি বলেন, ভোটব্যাঙ্ক মানুষের থেকে বড়ো নাকি। তৃণমূল তোষণের রাজনীতি করে। ইন্ডিয়া জোট ভোটব্যাঙ্কের জন্য সব কিছু করতে পারে। কংগ্রেস চায় আপনাদের সম্পত্তি লুঠ করতে। বাম, তৃণমূল, কংগ্রেস ভোটের নামে বিভাজন করে সব সময়। দলিত ও অদিবাসীদের পিছিয়ে দিতে চায় কংগ্রেস। তাই সংরক্ষণ প্রথা চালিয়ে যেতে চাইছে। মোদী দাবি করেন, দলিত আর আদিবাসীরা বিজেপিকে ভোট দিয়েছে। তিনি বলেন, আমাদের সংবিধান জাতপাত, ধর্মের ভিত্তিতে সংরক্ষণ দিতে বলে না। জন্মের ওপর সংরক্ষণ, ধর্মের ওপর সংরক্ষণ করতে চাইছে কংগ্রেস। দলিত, সংখ্যালঘুদের নিয়ে মিটিং করছে যাতে তাদের ভোট পায়, তাদের সংরক্ষণ জারি রাখতে পারে। মোদী এদিন বলেন, কেন্দ্রীয় সরকারের পাঠানো সব টাকা তৃণমূল এর তোলাবাজরা লুঠ করে নিয়েছে। তৃণমূলের তোলাবাজরা সব জায়গায় পৌঁছে যাচ্ছে, টাকার হিসাব করতে গিয়ে মেশিন কাহিল হয়ে যাচ্ছে। এদিন মোদী বলেন, সন্দেশখালি নিয়ে কয়েকজন মহিলা একটা গান শুনিয়েছেন তাঁকে। বাংলায় গান হলেও সে গানের আবেগে তাঁর চোখেও জল এসে গেছে। এদিন মোদী সবাইকে সে গান শোনার জন্যও বলেন। এরপরই মোদীর হুঙ্কার কি করছে তৃণমূল? কেন্দ্রের সব প্রকল্পে টিএমসি তোলাবাজি করেছে। লুঠপাট করেছে। মোদী যতদিন বাঁচবে কাউকে লুঠতে দেবে না।

এদিন মোদী বলেন, অনেকেই বলেন, অনেক হয়েছে এবার আরাম করুন। কিন্তু আমি দেশের সেবার জন্য নিজের জীবন দিতেও প্রস্তুত আছি। আমি ১৪০ কোটি ভারতবাসীকে সেবা করার জন্য আছি। আমার একটাই স্বপ্ন আপনাদের স্বপ্নকে পুরণ করা। আমার কিছু নেই। আমার আগে কেউ নেই পিছে কেউ নেই। আপনারাই আমার পরিবার, মেরা ভারত মেরা পরিবার। এদিন এই সভায় একজন একটি বড়ো রুদ্রাক্ষর মালা মোদীকে দিতে চাইলে তৎক্ষণাত তিনি লোক পাঠিয়ে আশীর্বাদস্বরূপ তা গ্রহণ করেন। মোদী বলেন, বিকশিত ভারত তৈরির জন্য, আত্মনির্ভর ভারত নির্মাণের জন্য কাজ করছি দিনরাত। তিনি বলেন, আগামি ৫ বছরে গরিবি দূর করার সংকল্প নিয়েছি। ধানে বর্ধমান আর শিল্পে দুর্গাপুরকে মানুষ যাতে চিনতে পারে সেজন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এদিন তেহট্টের সভার পরই মোদী আসেন বীরভূমের আহমেদপুরে। সেখানে মেলার মাঠে বীরভূম ও বোলপুর লোকসভার কেন্দ্রের দলীয় প্রার্থী দেবতনু ভট্টাচার্য ও পিয়া সাহার হয়ে সভা করেন। এই ২টি লোকসভা কেন্দ্রেই আগের ভোটে জয়ী তৃণমূল প্রার্থীরা। তাই এই দুটি আসন জয়লাভ করতে মরিয়া বিজেপি। এই কারণেই সিউড়িতে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সভার পর এটি বিজেপির দ্বিতীয় হেভিওয়েট প্রচার। সভায় প্রধানমন্ত্রী ছাড়াও ছিলেন ২ কেন্দ্রের প্রার্থী। এদিন প্রধানমন্ত্রী বলেন, 'এখানে ঐতিহাসিক বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় আছে। প্রধানমন্ত্রী হওয়ার সুবাদে আমি বিশ্বভারতীর আচার্য হওয়ায় সৌভাগ্য অর্জন করেছি। তাই বোলপুরের সঙ্গে আমার সম্পর্ক অন্যরকম। ২৫ বৈশাখ গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন। আমি যখন প্রথম প্রধানমন্ত্রী হয়েছিলাম তখন শান্তিনিকেতনে এসেছিলাম। তারপরেই সামাজিক সুরক্ষা প্রকল্প চালু করেছিলাম। আমি এই মঞ্চ থেকে গুরুদেবের চরণে প্রণাম জানাই।'

# ৫ম দফার ভোটে ৭৫০ কোম্পানি কেন্দ্রীয়বাহিনী মোতায়েন করা হবে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্যে পঞ্চম দফার ভোটে ৭৫০ কোম্পানি কেন্দ্রীয়বাহিনী মোতায়ন করা হবে। পঞ্চম পর্বে ২০ মে হাওড়া হুগলি ও উত্তর ২৪ পরগনা মিলিয়ে ৭ টি আসনে ভোট রয়েছে। অন্যদিকে, চতুর্থ পর্বে ৫৯৬ কোম্পানি কেন্দ্রীয়বাহিনীর মোতায়েন করা হবে। রাজ্যে লোকসভা নির্বাচনের পরবর্তী দফা গুলিতে আরও বেশি সংখ্যক কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। আগামী মঙ্গলবার লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় ৪ আসনের জন্য মোট ৩৩৪ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে বলে কমিশনের তরফে আগেই জানানো হয়েছে। এবার চতুর্থ ও পঞ্চম দফার বাহিনী মোতায়েনের পরিকল্পনা জানিয়েছে কমিশন। চতুর্থ দফায় রাজ্যের পাঁচ জেলার আট লোকসভা আসনের জন্য মোট ৫৭৮ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। ১৩ মে চতুর্থ দফায় ভোট হবে বহরমপুর, কৃষ্ণনগর, বর্ধমান দুর্গাপুর, বর্ধমান পূর্ব, আসানসোল, বোলপুর ও বীরভূমে। এর মধ্যে পূর্ব বর্ধমানে সর্বাধিক ১৫২ কোম্পানি বাহিনী মোতায়ন করা হবে। বীরভূমে মোতায়েন করা হবে ১৩০ কোম্পানি। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেট এলাকায় ভোটে ৮৮ কোম্পানি বাহিনী মোতায়েনের পরিকল্পনা নিয়েছে নির্বাচন কমিশন। এছাড়া কৃষ্ণনগরে ৮১, মুর্শিদাবাদে ৭৩ কোম্পানি, রানাঘাটে ৫৪ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। ১৫০ র বেশি কুইক রেসপন্স টিম বা কিউ আর টি ভোটের দিন দখল দেবে ওইসব এলাকায়।

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় কেন্দ্রীয় বাহিনীর মোতায়েনের পরিমাণ আরো বাড়ানো হচ্ছে। ওই পর্বে ৭৫০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। এর জন্য অন্যান্য রাজ্য থেকে আরও ১৬৬ কোম্পানি বাহিনী নিয়ে আসা হবে। অন্যদিকে নির্বাচন কমিশন দুটি থানার ওসিকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে। কলকাতা পুলিশের অধীনে থাকা আনন্দপুর ও দক্ষিন ২৪ পরগনার ডায়মন্ড হারবার থানার দায়িত্বপ্রাপ্ত ওসিকে দ্রুত সরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তাঁদের নির্বাচনের সঙ্গে যুক্ত রাখা যাবে না বলে জানিয়েছেন কমিশন। ওই ২টি পদে নিয়োগের জন্যে রাজ্যকে ৩জনের নামের তালিকা জমা দেওয়ার কথা বলা হয়েছে।

## রাজভবনকাণ্ড নিয়ে নীরব কেন

১ পাতার পর

জন্য মাড়ি থাকা উচিত নয়।' এদিন রাজভবন নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এদিন মমতা তাঁর ভঙ্গিতেই বিজেপিকে আক্রমণ করেন। কালনার সভার পর তিনি এদিন সমুদ্রগড়ে বর্ধমান পূর্ব লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থী ডাঃ শর্মিলা সরকারের সমর্থনে সভা করেন। সভার শুরুতেই মমতা বলেন, এই সমুদ্রগড়ে আমি বহুবার এসেছি। এটা এমনই একটা গড় এর একপাশে নবদ্বীপ আমাদের হেরিটেজ টাউন আর অপর পাশে রয়েছে বিখ্যাত কালনা। মধ্যিখানে রয়েছে পূর্বস্থলী। আবার রয়েছে তাঁতের শাড়ির জন্য বিখ্যাত ধাত্রীগ্রাম। স্বপনকে আমি দীর্ঘদিন ধরে চিনি। ওরা খাল বিল নদী নালা চুনো মাছ নিয়ে মেলা করে। আর আমি এগুলোকে পছন্দ করি। বর্ধমান হচ্ছে শস্যভাণ্ডার, নবদ্বীপ হচ্ছে ধর্ম ও সংস্কৃতির ভাণ্ডার। এক মাস তিন দিন হয়ে গেল ভোট প্রচার করতে করতে। এখনো একমাস বাকি আছে ভোট প্রচারের। আমি জানি না কি হল, এবার ইলেকশন কমিশনের। একটু দেখতে হবে ভালো করে। আগেরবার আমাদের একুশের ইলেকশান ২ রা মে তে রেজাল্ট বেরিয়ে গিয়েছিল। এবারে এমন কি হল মোদীবাবুর খামখেয়ালিপনার জন্য কী করে বিজেপিকে জেতানো যায় নানা রকম ফন্দি বের করে পয়লা জুন পর্যন্ত নির্বাচনকে নিয়ে যাওয়া হচ্ছে। আমি গতকাল খবরটা পেলাম আমাদের ১৫০০ পুলিশকে ইলেকশন কমিশন নিয়ে গেছে। অন্য রাজ্যে কাজ করাবে বলে। সেন্ট্রাল ফোর্সকে বলে দিয়েছে বিজেপির হয়ে কাজ করবে আর বিজেপিকে ভোট দেবে। পোস্টাল ব্যালট বন্ধ করে দিয়েছে। সেন্ট্রাল পুলিশে যারা কাজ করবে, তারা নাকি ভোট দিতে পারবে। আর যারা রাজ্য পুলিশে কাজ করবে, তারা নাকি ভোট দিতে পারবে না। আমি এর জন্য যতদূর যেতে হয় যাব। কারণ এটা হচ্ছে ডিসক্রিমিনেশন। আমি পুলিশকে বলব, যাঁরা ইলেকশন ডিউটিতে থাকবেন ডিপার্টমেন্ট থেকে ছুটি নেবেন যেখানে আপনার ভোট আছে সেখানে গিয়ে ভোটটা দিয়ে আসবেন। এর জন্য আপনাদের কেউ ছুটি আটকাবে না। এটা স্ট্যান্ডিং কথা বলছি আপনাদের। কারণ আপনাদেরও ভোট দেওয়ার অধিকার আছে। আর কত চালাকি করবেন বলুন তো? ছোটবেলায় পড়েছিলাম মধুবিধু দুই ভাই ছোটা ছুটি করে তাই। আর এখনকার গভর্নমেন্টের দুই মধুবিধু। এ চালা ও চালা দোচালা বুঝতে পারছেন তো। শুধু মিথ্যা কথা বলে। একটা সত্যি কথা বলে না। আজকেও বলে গেছে বাংলায় দাঁড়িয়ে তৃণমূল তো চোর। উনি নাকি সবচেয়ে বড়ো সাধু। আমি বলব তৃণমূল যদি চুনোপুটি হয় তুমি হচ্ছ রাঘবরোয়াল। তুমি এত বড়ো ডাকাত এত বড়ো চোর যে চোর বললে তুচ্ছ হয়ে যায়। একটা পঞ্চায়েত থেকে একটা চুরি করল তার বিরুদ্ধে একশান নিতে পারবেন, অভিযোগ করতে পারবেন। আমিও নজর রাখছি। সিপিএমের কিছু লোকজন ছিল। বলছে, আমাকে ভোট দিন আমি কাজ করব। ভোট তো পেয়েছো ১০ বছর ধরে। কোন কাজটা করেছে। মিথ্যে কথাটা বুঝতে পারছেন। মা-বোনরা, আপনাদের বাড়িতে বিনা পয়সায় বিদ্যুৎ চাই উনি নাকি সবাইকে বিনা পয়সায় বিদ্যুৎ দিচ্ছেন। উনি নাকি সবাইকে বিনা পয়সায় গ্যাস দিচ্ছেন এটা কি সত্যি কথা। উনি নাকি সবাইকে ১৫ লাখ টাকা করে দিয়ে দিয়েছেন এটা কি সত্যি কথা? আমরা ৯কোটি মানুষকে বিনা পয়সায় চাল দিই। ওরা আপনাদের বিনা পয়সায় কি চাল দেয়। আমাদের রাজ্য থেকে ৬ লাখ ৮৪ হাজার কোটি টাকা গত ৫ বছরে ট্যাক্স হিসেবে নিয়ে গেছে কেন্দ্রীয় সরকার। আর আমাদের দেয়নি এক লাখ ৭৪হাজার কোটি টাকা। রোজ সকালে ঘুম থেকে উঠলেই দেখবেন মধুবিধুর ছবি। আর সবাইকে বলছে মাছ খাবেন না। মাংস খাবেন না, ডিম খাবেন না। সব কাঁচাকলা খেয়ে থাকবে। বার্লি খেয়ে থাকবেন কারণ চার্লিবাবু বলে দিয়েছেন। আপনারা কি জানেন বিজেপি যেখানে যেখানে ক্ষমতা আছে সেখানে মাছের দোকান বন্ধ, মাংসের দোকান বন্ধ। আজকে আবার বলছে এনআরসি চাই। আমাদের সকলেরই একটা না একটা নাগরিকত্বের প্রমাণ আছে। তাহলে কেন ইলেকশনের আগে মধুবাবু আর বিধুবাবু বলছেন সবাই নাম লেখাও, না হলে নাগরিকত্ব থাকবে না। আমি বলি তুমি প্রথম নাম লেখাও তারপর বিদেশি হও। আয়নায় আগে নিজের মুখ দেখো। মমতা এদিনও জোর দিয়ে বলেন, ৪২ এ ৪২ তৃণমূল কংগ্রেস পাবে এটা গ্যারান্টি দিয়ে বলতে পারি।

## মায়ের আসনে ছেলে

১ পাতার পর

থেকে ইস্তফা দেন ইন্দিরা। ১৯৮০ সালে রায়বরেলির উপনির্বাচনে জেতেন গান্ধী পরিবার ঘনিষ্ঠ রাজীব গান্ধীর ডান হাত বলে পরিচিত অরুণ নেহরু। এরপর ১৯৮৪ সালের লোকসভা ভোটে রায়বরেলি আসন থেকে জেতেন সতীশ। এছাড়া ফিরোজ গান্ধীর মৃত্যুর পর ১৯৬০ সালে রায়বরেলি থেকে উপনির্বাচনে জেতেন কংগ্রেসের আরপি সিং। ১৯৬২ সালের ভোটে জেতেন আরেক কংগ্রেস নেতা বৈজনাথ কুরীল। ১৯৮৯ ও ১৯৯১ সালে ২ বার রায়বরেলি থেকে কংগ্রেসের টিকিটে জেতেন ইন্দিরা গান্ধীর আত্মীয়া শীলা কল। ১৯৯৯ সালে রায়বরেলি আসন থেকে জেতেন আরেক গান্ধী পরিবার ঘনিষ্ঠ ক্যাপ্টেন সতীশ শর্মা। মাত্র ৩ বার রায়বরেলি থেকে কংগ্রেসের কেউ সাংসদ হননি। ১৯৭৭-এ রাজনারায়ণ, ১৯৯৬ ও ১৯৯৮ সালে ২ বার রায়বরেলি থেকে জিতেছিলেন বিজেপির অশোক সিং। ১৯৯৯ সালে রায়বরেলির পাশের আসন অমেঠি থেকে জেতেন সনিয়া গান্ধী। ২০০৪ সালে ছেলে রাহুল রাজনীতিতে যোগ দেওয়ার পর অমেঠি আসন ছেড়ে রায়বরেলি থেকে লড়েন সনিয়া। ২০০৪ থেকে ২০১৯ সাল পর্যন্ত রায়বরেলি আসন থেকে ৪ বার সাংসদ হন সনিয়া।

এতদিন ধরে গান্ধী পরিবারের খাসতালুক বলে পরিচিত অমেঠি আর রায়বরেলিতে কংগ্রেসের টিকিটে গান্ধী পরিবারের কোন সদস্য লড়বেন সে নিয়ে কংগ্রেস জল্পনা জিইয়ে রেখেছিল। কংগ্রেস নেতা জয়রাম রমেশ আগেই জানিয়েছিলেন ২৪-৩০ ঘণ্টার মধ্যে অমেঠি আর রায়বরেলির প্রার্থীর নাম ঘোষণা করা হবে। বৃহস্পতিবার কর্নাটকে প্রচার গিয়েছিলেন রাহুল। সেখানেই একপ্রস্ত সর্বভারতীয় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের সঙ্গে বৈঠক হয় রাহুলের। অমেঠি আর রায়বরেলিতে গান্ধী পরিবারের কোনো সদস্য না দাঁড়ালে দেশবাসীর কাছে ভুল বার্তা যাবে ও বিজেপিতে ওয়াকওভার দিয়ে দেওয়ার ভুল বার্তা পৌঁছে যাবে বলে রাহুলকে বোঝান খাড়গে। রাতের মধ্যেই তাঁদের নিজেদের সিদ্ধান্ত জানানোর জন্য রাহুল ও প্রিয়ঙ্কাকে সময় দেন খাড়গে। শুক্রবারই ছিল মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন। ২০ মে পঞ্চম দফায় অমেঠি আর রায়বরেলিতে লোকসভা ভোট হবে। বিজেপি আগেই প্রার্থী ঘোষণা করলেও এতদিন কংগ্রেস এই ২টি আসনে প্রার্থী ঘোষণা করেনি। এনিয়ে স্থানীয় স্তরে দলের মধ্যে অসন্তোষ তৈরি হয়। কয়েকদিন আগে অমেঠিতে কংগ্রেস কর্মীরা বিক্ষোভ দেখিয়েছিলেন। তাঁরা স্লোগান দিয়েছিলেন, 'অমেঠি মাঙ্গে গান্ধী পরিবার'। কংগ্রেসের নির্বাচন কমিটির পক্ষ থেকে রাহুল ও প্রিয়ঙ্কাকে বোঝানোর দায়িত্ব দেওয়া হয়েছিল। শুক্রবার সকালে সব জল্পনার অবসান ঘটিয়ে কংগ্রেসের তরফে ঘোষণা করা হয় ২ দশক ধরে যে রায়বরেলির সাংসদ ছিলেন মা সনিয়া গান্ধী, এবার সেই কেন্দ্র থেকেই প্রার্থী হচ্ছেন ছেলে রাহুল। ২০১৯ সালে পাশের কেন্দ্র অমেঠিতে বিজেপির স্মৃতি ইরানির কাছে পরাস্ত হন রাহুল। তবে ওয়েনাড় আসন থেকে জেতেন সনিয়া-পুত্র।

# ২ দফা মেটার অনেক পরে ভোটের হার বেড়ে যাওয়া নিয়ে সংশয় বিমান বসুরও

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এবার বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর গলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের সুর। প্রথম দু'ফার ভোটের হার বাড়া নিয়ে নির্বাচন কমিশনের দিকে সন্দেহের আঙুল তুলেছিলেন বাংলার তৃণমূলনেত্রী।

শুক্রবার কলকাতা প্রেস ক্লাবে 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে কিছুটা মৃদু গলায় বিমান বসুর নির্বাচন কমিশনকে আক্রমণ করেন। 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে বামফ্রন্ট চেয়ারম্যান বলেন, 'প্রথম দু'দফার ভোটের হারের যে হিসেব কমিশন প্রথমে প্রকাশ করেছিল, তার পর তা ৬ শতাংশ বেড়ে গেছে। যদি তা গোনার ভুল হয়, তা হলে এক রকম। আর তা যদি না হয়, যদি দেখা যায় অন্য কায়দায় তা বৃদ্ধি পেয়েছে, তা হলে তা ভয়ঙ্কর হবে। ভারতের নির্বাচন পদ্ধতি আর তা পরিচালনার দায়িত্বে থাকা কমিশনকে প্রশ্নের মুখে পড়তে হবে।' মমতা অবশ্য এ বিষয়ে চড়া সুরে আক্রমণ শানিয়েছিলেন কমিশনের উদ্দেশে। গত বুধবার মুর্শিদাবাদের সভা থেকে বলেছিলেন, 'আমি সব বিরোধী দলকে বলব, এদিকে নজর দিন। নিজের নিজের রাজ্যে ইভিএমের হিসাব রাখুন। বিজেপি যেখানে কম ভোট পাচ্ছে, সেখানে ওরা রাতের অন্ধকারে তালা ভেঙে গণনাকেন্দ্রে ঢুকছে। ইভিএম বদলে দিচ্ছে।' মমতা এ-ও বলেছিলেন, '১৯ লাখ ইভিএম এখনো মিসিং। আমরা তার খোঁজ করেছি অনেক বার। ভুয়ো ইভিএম অন্য জায়গা থেকে এনে ওরা ঢুকিয়ে দিচ্ছে। যেখানে বিজেপির ভোট কম, সেখানে বাড়তি মেশিন ঢোকাচ্ছে।'

## নিছক ষড়যন্ত্র

১ পাতার পর

হেয়ার স্ট্রিট থানায় নিয়ে যাওয়া হয় ওই মহিলাকর্মীকে। অভিযোগকারী (এক অস্থায়ী কর্মী) রাজভবনেই কাজ করতেন বলে খবর। ওই কর্মীর বাড়ি দূরের কোনো জেলায় হওয়ায় তিনি রাজভবনের কর্মী আবাসনেই থাকেন। তবে বৃহস্পতিবারের পর তিনি ওই আবাসন ছেড়ে দেন। হেয়ার স্ট্রিট থানা সূত্রে খবর, ওই মহিলা কর্মীকে থানায় নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়।

## রাজভবনের ঘটনা নিয়ে

১ পাতার পর

জমা দিয়েছেন অভিযোগকারী। এই অভিযোগ খারিজ করে দিয়ে রাজ্যপাল জানান, পুরোটাই রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। রাজভবনের ২ কর্মীকে একটি রাজনৈতিক দল ব্যবহার করেছে তাঁকে হেয় করতে। অন্যদিকে, এরই মধ্যে শুক্রবার সকালে রাজ্যপাল কোচি চলে গেছে। তবে তাঁর এই সফর পূর্ব নির্ধারিত ছিল বলেই রাজভবন সূত্রে জানা গেছে। ঘটনাচক্রে বৃহস্পতিবার রাজভবনে ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই ঘটনায় সরব হয় তৃণমূল। রাজ্যপালের সমালোচনায় মুখ খুলেছিলেন চন্দ্রিমা-সহ তৃণমূলের অন্যান্য নেতৃত্ব। পালটা বৃহস্পতিবার রাতে রাজভবনের তরফে বিবৃতি জারি করে জানানো হয়, চন্দ্রিমাকে রাজভবনে ঢুকতে দেওয়া হবে না। চন্দ্রিমার সঙ্গে কোনো অনুষ্ঠানেও রাজ্যপাল থাকবেন না বলে জানিয়ে দেওয়া হয়। চন্দ্রিমার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জন্য অ্যাটর্নি জেনারেলের সঙ্গে আলোচনা করা হবে বলে রাজ্যপাল জানান। এ নিয়ে শুক্রবার রাজ্যপালকে কড়া ভাষায় আক্রমণ করেন রাজ্যের অর্থমন্ত্রী। চন্দ্রিমা বলেন, 'রাজ্যপাল আমার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবেন বলেছেন। উনি যার সঙ্গে খুশি আলোচনা করুন। আইনি ব্যবস্থা নিলে তার উত্তরে কি করতে হয় সেটাও আমার জানা আছে। কারণ আমি আইনেরই লোক। সুতরাং আমায় ওসব ভয় দেখিয়ে লাভ হবে না।' বৃহস্পতিবার রাজভবনে থাকলেও এই অভিযোগের বিষয়ে প্রধানমন্ত্রী একটি কথাও না বলায় সুর চড়িয়েছে তৃণমূল। দলের রাজ্যসভার সাংসদ সাগরিকা ঘোষ বলেন, 'প্রধানমন্ত্রী রাজ্যপালের বিরুদ্ধে একটি কথাও বললেন না। রাজ্যপালকে সতর্কও করলেন না।'

## হাইমাদ্রাসা, আলিম, ফাজিলে

১ পাতার পর

হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী মমতা লেখেন, 'হাইমাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। তোমাদের অভিভাবক ও শিক্ষকদেরও জানাই আমার অভিনন্দন। তোমাদের আগামী দিনগুলি সাফল্যমণ্ডিত হোক, এই প্রার্থনা করি।' এবছর হাই-মাদ্রাসায় পাশের হার ৮৯.৯৭%। প্রথম হয়েছেন সাহিদুর রহমান (প্রাপ্ত নম্বর ৭৭৮)। দ্বিতীয় হন তামান্না সুলতানা ও রামিজ পারভেজ। তাঁদের প্রাপ্ত নম্বর ৭৭৫। তৃতীয় হয়েছেন মহম্মদ ইব্রাহিম (প্রাপ্ত নম্বর ৭৭৩)। ফাজিলে প্রথম হয়েছেন সইদুল সাঁপুই (প্রাপ্ত নম্বর ৫৫৯)। দ্বিতীয় হয়েছেন মস্তাফুর রহমান (প্রাপ্ত নম্বর ৫৫৭)। তৃতীয় হয়েছেন মেহবুব হাসান মণ্ডল ও শেখ সাহিদ আখতার। তাঁদের প্রাপ্ত নম্বর ৫৫৫। আলিমে পাশের হার বেড়ে হয়েছে ৯২.১৭ %। আলিমে প্রথম হয়েছেন ইরফান হোসেন (৬৮০)। দ্বিতীয় হয়েছেন রায়হান পিয়াদা (নম্বর ৮৪৩)। তৃতীয় হয়েছেন ইমরান মণ্ডল (নম্বর ৮৩৬), চতুর্থ হয়েছেন মহম্মদ আবদুল হাই (নম্বর ৮৩১)। পঞ্চম হয়েছেন শেহনাজ পারভিন (নম্বর ৮২৮), ষষ্ঠ হয়েছেন মেহেদি হাসান মোল্লা (নম্বর ৮২৫), সপ্তম হয়েছেন মির্জা মহম্মদ আলাউদ্দিন (নম্বর ৮২৩), অষ্টম হয়েছেন শেখ সাহিম আলি (নম্বর ৮২২), নবম হয়েছেন বখতিয়ার স্বরাজ, (নম্বর ৮১৮। দশম হয়েছেন মামুন আফরোজ (নম্বর ৮১২)।

## ডরো মৎ ভাগো মৎ

১ পাতার পর

ডরো মৎ। আজ আমিও বলছি, মন থেকে বলছি, আরে ডরো মৎ, ভাগো মৎ!' মোদীর সাফ কথা, ওয়েনাড়ে হারের ভয়েই দ্বিতীয় নিরাপদ আসন খুঁজছেন রাহুল। আবার অমেঠিতে জিততে পারবেন না, সেই ভয়ও কাজ করেছে। সেকারণেই তিনি দাঁড়িয়েছেন রায়বরেলিতে শুক্রবার বর্ধমানের সভা থেকে রাহুলকে উদ্দেশ্য করে প্রধানমন্ত্রী বলেন, 'আমি তো কবেই বলেছিলাম, শাহাজাদা ওয়ানাড়ে হারতে চলেছেন। হারের ভয়ে যেদিন ওয়ানাড়ে ভোট শেষ হবে সেদিন থেকেই দ্বিতীয় আসন খুঁজতে শুরু করবেন। সেখানেও ভয়। চ্যালা-চামুন্ডারা এতদিন বলছিলেন, অমেঠিতে আসবেন, আমেঠিতে আসবেন। হারের ভয়ে সেখানেও যেতে পারলেন না। শেষে রায়বরেলিতে গেলেন। আরে ডরো মৎ, ভাগো মৎ!' শুধু রাহুলকে একা নয়, সনিয়া গান্ধী-সহ সামগ্রিকভাবে কংগ্রেসকে নিশানা করে মোদী এদিন বলেন, 'কেউ কেউ সন্দেহপ্রকাশ করছে রেজাল্ট কী হবে। আরে ভাই কোনো ওপিনিয়ন পোল লাগবে না। আমি আগেই বলেছিলাম, ওদের সবচেয়ে বড়ো নেতা ভোটে লড়ার ক্ষমতা দেখাতে পারবেন না। ভয়ে পালিয়ে যাবেন। সেই পালিয়ে রাজস্থানে চলে গেলেন। রাজস্থান থেকে রাজ্যসভায় চলে গেলেন।' মোদীর দাবি, 'কংগ্রেস এবার আগের বারের থেকেও কম আসন পাবে। ওরা নিজেরাও সেটা জানে, সেকারণেই এবার আগের থেকে কম আসনে লড়ছে। ওরা ভোটে জেতার জন্য লড়ছেই না। ওরা শুধু দেশে বিভাজন করার জন্য লড়ছে।'

**নাম ও পদবি পরিবর্তন**

আমি, Merina Bibi, W/o Kabiruddin Sk, গ্রাম + পোঃ বেগুনিয়া, থানা : ময়ূরেশ্বর, বীরভূমের বাসিন্দা। ৩০.০৪.২০২৪, রামপুরহাট নোটারি পাবলিক কোর্ট, বীরভূম এর এফিডেভিট দ্বারা Merina Khatun নামে পরিচিত হলাম। এফিডেভিট নম্বর ৬০৮৩/২৪। Merina Bibi এবং Merina Khatun একই ব্যক্তি।

**NAME CHANGE**

I, **Neha Kumari Arya** W/o Rahul Soni residing at #1503, Horizon 6, Uniworld City, Kolkata-700160 shall henceforth be known as **Neha Soni** as declared before the Notary Public vide affidavit 93AB173470, dated 24 Apr 2024.

**পূর্ব রেলওয়ে**

**ওপেন ই-টেন্ডার নং ঃ এসডিএসটিই-৬কিউসি-কেএএন-আরপিএইচ-১৯এসটিএন, তারিখ ০১.০৫.২০২৪।** ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকট ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ টেন্ডার নং এসডিএসটিই-৬কিউসি-কেএএন-আরপিএইচ-১৯এসটিএন-এর পরিপ্রেক্ষিতে সিঙ্গল প্যাকেট সিস্টেমে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন যেটির **বন্ধের তারিখ ২৭.০৫.২০২৪ তারিখ দুপুর ৩টে।** বিডদাতাগণ কেবলমাত্র বন্ধের তারিখ এবং সময় পর্যন্ত তাঁদের মূল/সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না এবং এইরূপ কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা অগ্রাহ্য করা হবে। **কাজের নাম:** হাওড়া ডিভিসনে কেএএন-আরপিএইচ শাখায় পুরনো ও জরাজীর্ণ ৪ কোয়াড কেবল প্রতিস্থাপন। শিডিউল-এ - বিএইচপি-এসএনটি শাখা শিডিউল-বি - জেটিএল-জিকেএইচ, পিসিকিউ-বিএইচপি, এনএইচটি-সিটিআর, এএমপি-এলবিপি শাখা শিডিউল-সি - হাওড়া ডিভিসনের বিভিন্ন স্টেশনে (১৯) পুরনো পিএ প্রণালীর প্রতিস্থাপন। **বিজ্ঞাপিত মূল্য:** ৫,৯৩,০৭,১৯৯.৪৫ টাকা। **বায়নামূল্য:** ৪,৪৬,৫০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্য :** শূন্য। **টেন্ডার আপলোডের তারিখ/সময় :** ০১.০৫.২০২৪ বিকেল ৫.৪৪ মিনিট। **অফারের বৈধতা :** ১২০ দিন। **কাজ শেষের মেয়াদ :** ১২ মাস। **বিডিং শুরুর তারিখ:** ১৩.০৫.২০২৪। **বিডিংয়ের ধরন :** প্রতিটি নির্দিষ্ট আইটেমের জন্য সিঙ্গল রেট। **চুক্তির ধরন :** ওয়ার্কস। **চুক্তির শ্রেণী :** এক্সপেন্ডিচার। **দরের ক্রম :** ন্যূনতম থেকে উচ্চতম। **এক্সপেন্ডিচারের ধরন:** ক্যাপিটাল (ওয়ার্কস)। **আইপিএএস অ্যাকাউন্টিং ইউনিট:** ০২০২-পূর্ব-রেলওয়ে-এইচডব্লুএইচ পূর্ব রেলওয়ে।

(HWH-46/2024-25)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: X @EasternRailway
f @easternrailwayheadquarter

**লংভিউ টি কোম্পানী লিমিটেড**

রেজিস্টার্ড অফিস : ৬২ হাজরা রোড, কলকাতা - ৭০০০১৯
CIN : L15491WB1879PLC000377
ফোন : ০৩৩ ৪০১৪ ২২২২; ওয়েবসাইট : www.longviewtea.org, ই-মেল : info@longviewtea.org

৩১ মার্চ, ২০২৪ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ৪২.৮৪ | ৩৪২.৩০ | ২১৫.০১ | ৫১.৮৪ |
| ২. | এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (করের ও ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার আগে) | ২৮.৭০ | ১৮২.৯৭ | ৬.৩০ | ১৫.০৯ |
| ৩. | করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ২৮.৭০ | ১৮২.৯৭ | ৬.৩০ | ১৫.০৯ |
| ৪. | করের পরে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী ও / বা অতিরিক্ত দফার পরে) | ২০.৯২ | ১৫২.১৪ | -১৬.৩৫ | -৫.৭২ |
| ৫. | এই পর্বের জন্য মোট সর্বাঙ্গীন আয় [এই পর্ব থেকে সর্বাঙ্গীন আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য সর্বাঙ্গীন আয় (করের পর)] | ১৯.০৬ | ১৫৩.৪৩ | -১৬.৯১ | -৬.৪৭ |
| ৬. | ইক্যুটি শেয়ার মূলধন | ৩০০.০৭ | ৩০০.০৭ | ৩০০.০৭ | ৩০০.০৭ |
| ৭. | সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | ১৪৮১.৪ | ১৩২৭.৯৭ | - |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা) (বার্ষিকভাবে নয়) | | | | |
| | মূল | ০.৭০ | ৫.০৮ | -০.৫৫ | -০.১৯ |
| | লঘুকৃত | ০.৭০ | ৫.০৮ | -০.৫৫ | -০.১৯ |

দ্রষ্টব্য :
(১) সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন্স, ২০১৫-এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি ৩১.০৩.২০২৪ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ হিসাবে দেখানো হল। কোম্পানীর বিস্তারিত অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইটে (www.bseindia.com) ও কোম্পানীর এই ওয়েবসাইটে (www.longviewtea.org).
(২) উপরোক্ত ৩১.০৩.২০২৪ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলটি ৩ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় নিরীক্ষক কমিটি দ্বারা পুনর্মূল্যায়িত হয়েছে ও কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টর্স দ্বারা অনুমোদিত হয়েছে।
(৩) কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১৩৩-এর অধীন ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএনডি এএস) অনুযায়ী আর্থিক ফলাফল সহ কোম্পানীর অন্যান্য অনুমোদিত কার্যকলাপ ও নিয়মকানুন প্রস্তুত করা হয়েছে।

বোর্ড অফ ডিরেক্টরস-এর পক্ষে ও সমর্থনে
স্বাক্ষর-
যশবন্ত কুমার দাগা
ডিরেক্টর
DIN : 00040632

স্থান : কলকাতা
তারিখ : ০৩.০৫.২০২৪